গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
চকরিয়া, কক্সবাজার।
chakaria.coxsbazar.gov.bd

স্মারক নং : ০৫.২০.২২১৬.০০৩.০৫.০৫.২০১৯- ৮১৭(১)

তাং : ১৬ জ্যৈষ্ঠ ১৪২৬ বঙ্গাব্দ
৩০ মে ২০১৯ খ্রিস্টাব্দ

**বিষয় : তথ্য প্রদানকারী কর্মকর্তা নিয়োগ প্রসঙ্গে।**

সূত্র : ১. স্মারক নং- মপবি/মাপ্রস/২(৭৫)/৯৫-২০০৯/২৬৩, তারিখ : ১৩.০৯.২০০৯খ্রি.
২. স্মারক নং- বিক(চট্ট)/সা/১৪-২৬/২০০৮-৭৫২(১১), তারিখঃ ২৩.০৯.২০০৯খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, তথ্য অধিকার অধ্যাদেশ-২০০৮ এর ১০ ধারা মোতাবেক উপজেলা পর্যায়ে তথ্য অধিকার আইন- ২০০৯ বাস্তবায়নে উপজেলা তথ্য সেবা ইউনিটের দায়িত্ব পালনের জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, চকরিয়া, কক্সবাজার কে নিয়োগ করা হলো।

(নূরুদ্দীন মুহাম্মদ শিবলী নোমান)
উপজেলা নির্বাহী অফিসার
চকরিয়া, কক্সবাজার।
☎ ০৩৪২২-৫৬০৫০

স্মারক নং : ০৫.২০.২২১৬.০০৩.০৫.০৫.২০১৯- ৮১৭(১)

তাং : ১৬ জ্যৈষ্ঠ ১৪২৬ বঙ্গাব্দ
৩০ মে ২০১৯ খ্রিস্টাব্দ

অনুলিপি : সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।
১. সচিব, সংস্থাপন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৪. প্রধান তথ্য কমিশনার, তথ্য কমিশন কার্যালয়, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট ভবন, ঢাকা।
৫. জেলা প্রশাসক, কক্সবাজার।
৬. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চকরিয়া, কক্সবাজার।
৭. উপজেলা হিসাবরক্ষণ অফিসার, চকরিয়া, কক্সবাজার।
৮. জনাব মোহাম্মদ মাসুদুর রহমান, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, চকরিয়া, কক্সবাজার।
৯. অফিস কপি।

(নূরুদ্দীন মুহাম্মদ শিবলী নোমান)
উপজেলা নির্বাহী অফিসার
চকরিয়া, কক্সবাজার।
☎ ০৩৪২২-৫৬০৫০

# তথ্য প্রদানকারী কর্তৃপক্ষ কর্তৃক তথ্য সরবরাহ গ্রহণ ও পদ্ধতির সারসংক্ষেপ

আবেদনকারী যে বিষয়ে আবেদন করবেন সেই বিষয়ের আলোকে তথ্যপ্রদানকারী কর্তৃপক্ষ অত্র উপজেলার সংশ্লিষ্ট কার্যালয়ে প্রেরণ করবেন। উক্ত অফিসের কর্তৃপক্ষ যে সমস্ত তথ্য প্রকাশ বা প্রদান বাধ্যতামূলক নয় কেবলমাত্র সেই সমস্ত তথ্য ব্যতিরেকে সিটিজেন চার্টার অনুযায়ী তথ্য প্রদান করবেন।

তথ্য প্রকাশ ঃ

অত্র উপজেলার প্রত্যেক কর্মকর্তা তাঁর সিদ্ধান্ত, কার্যক্রম কিংবা সম্পাদিত কিংবা প্রস্তাবিত কর্মকান্ডের সকল তথ্য আবেদনকারীর নিকট সহজলভ্য হয়, এইরূপ সূচিবদ্ধ করে প্রকাশ বা প্রচার করবেন। তবে তথ্য প্রকাশ বা প্রচারের ক্ষেত্রে কোন কর্তৃপক্ষ কোন তথ্য গোপন করতে পারবেন না। প্রত্যেক কর্তৃপক্ষ প্রতিবছর একটি প্রতিবেদন প্রকাশ করবেন যাতে তথ্যসমূহ অন্তর্ভুক্ত থাকে। সেগুলো হচ্ছে নিম্নরূপঃ-

ক. কর্তৃপক্ষের সাংগঠনিক কাঠামোর বিবরণ, কার্যক্রম, কর্মকর্তা কর্মচারীগণের দায়িত্ব এবং সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ার বিবরণ;

খ. কর্তৃপক্ষের নিকট হতে কোন ব্যক্তি যে সকল শর্তে লাইসেন্স, পারমিট, অনুদান, বরাদ্দ, সম্মতি, অনুমোদন বা অন্য কোন প্রকার সুবিধা গ্রহণ ও উহার বিবরণ সরবরাহ করতে পারবেন;

গ. নাগরিকদের তথ্য অধিকার নিশ্চিত করার জন্য প্রদত্ত সুবিধাদির বিবরণ এবং দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, পদবী, ঠিকানা এবং প্রযোজ্য ক্ষেত্রে ফ্যাক্স নম্বর ও ই-মেইল ঠিকানা দিতে পারবেন;

ঘ. কর্তৃপক্ষ জনগুরুত্বপূর্ণ বিষয়াদি প্রেস বিজ্ঞপ্তির মাধ্যমে অথবা অন্য কোন পন্থায় প্রচার বা প্রকাশ করবেন। এতদবিষয়ে তথ্য কমিশন প্রবিধান দ্বারা কর্তৃক তথ্য প্রকাশ, প্রচার ও প্রাপ্তির জন্য নির্দেশনা প্রদান করবেন।

যে সমস্ত তথ্য প্রকাশ বা প্রদান বাধ্যতামূলক নয় তথ্য অধিকার আইন, ২০০৯ বিধান অনুযায়ী তা প্রদান করা যাবে না যথা ঃ

(ক) কোন তথ্য প্রকাশের ফলে বাংলাদেশের নিরাপত্তা, অখন্ডতা ও সার্বভৌমত্বের প্রতি হুমকি হতে পারে এইরূপ তথ্য;

(খ) পররাষ্ট্রনীতির কোন বিষয় যার দ্বারা বিদেশী রাষ্ট্রের অথবা আন্তর্জাতিক কোন সংস্থা বা আঞ্চলিক কোন জোট বা সংগঠনের সাথে বিদ্যমান সম্পর্ক ক্ষুন্ন হতে পারে এইরূপ তথ্য;

(গ) কোন বিদেশী সরকারের নিকট হতে প্রাপ্ত কোন গোপনীয় তথ্য;

(ঘ) কোন তথ্য প্রকাশের ফলে তৃতীয় পক্ষের বুদ্ধিবৃত্তিক সম্পদের অধিকার ক্ষতিগ্রস্ত হতে পারে এইরূপ তথ্য;

(ঙ) কোন তথ্য প্রকাশের ফলে কোন বিশেষ ব্যক্তি বা সংস্থাকে লাভবান বা ক্ষতিগ্রস্ত করতে পারে এইরূপ তথ্য;

(চ) কোন তথ্য প্রকাশের ফলে প্রচলিত আইনের প্রয়োগ বাধাগ্রস্ত হতে পারে বা অপরাধ বৃদ্ধি পেতে পারে এইরূপ তথ্য;

(ছ) কোন তথ্য প্রকাশের ফলে জনগণের নিরাপত্তা বিঘ্নিত হতে পারে বা বিচারাধীন মামলার সুষ্ঠু বিচার কার্য ব্যাহত হতে পারে এইরূপ তথ্য;

চলমান পাতা # ২

(জ) কোন তথ্য প্রকাশের ফলে কোন ব্যক্তির ব্যক্তিগত জীবনের গোপনীয়তা ক্ষুন্ন হতে পারে এইরূপ তথ্য;

(ঝ) কোন তথ্য প্রকাশের ফলে কোন ব্যক্তির জীবন বা শারীরিক নিরাপত্তা বিপদাপন্ন হতে পারে এইরূপ তথ্য;

(ঞ) আইন প্রয়োগকারী সংস্থার সহায়তার জন্য কোন ব্যক্তি কর্তৃক গোপনে প্রদত্ত কোন তথ্য;

(ট) আদালতের বিচারাধীন কোন বিষয় এবং যা প্রকাশে আদালত বা ট্রাইব্যুনালের নিষেধাজ্ঞা রয়েছে অথবা যার প্রকাশ আদালত অবমাননার শামিল এইরূপ তথ্য;

(ঠ) তদন্তাধীন কোন বিষয় যার প্রকাশ তদন্ত কাজে বিঘ্ন ঘটাতে পারে এইরূপ তথ্য;

(ড) কোন অপরাধের তদন্ত প্রক্রিয়া এবং অপরাধীর গ্রেফতার ও শাস্তিকে প্রভাবিত করতে পারে এইরূপ তথ্য;

(ঢ) আইন অনুসারে কেবল একটি নির্দিষ্ট সময়ের জন্য প্রকাশের বাধ্যবাধকতা রয়েছে এইরূপ তথ্য;

(ণ) কৌশলগত ও বাণিজ্যিক কারণে গোপন রাখা বাঞ্ছনীয় এইরূপ কারিগরি বা বৈজ্ঞানিক গবেষণালব্ধ কোন তথ্য;

(ত) কোন ক্রয় কার্যক্রম সম্পূর্ণ হবার পূর্বে বা উক্ত বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের পূর্বে সংশ্লিষ্ট ক্রয় বা উহার কার্যক্রম সংক্রান্ত কোন তথ্য;

(থ) জাতীয় সংসদের বিশেষ অধিকার হানির কারণ হতে পারে এইরূপ তথ্য;

(দ) কোন ব্যক্তির আইন দ্বারা সংরক্ষিত গোপনীয় তথ্য;

তথ্য প্রাপ্তির অনুরোধ ঃ কোন ব্যক্তি এই আইনের অধীন তথ্য প্রাপ্তির জন্য সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট তথ্য চেয়ে লিখিতভাবে বা ইলেক্ট্রনিক মাধ্যম বা ই-মেইলে অনুরোধ করতে পারবেন।

এই আইনের উপধারা (১) এ উল্লিখিত অনুরোধে নিম্নলিখিত বিষয়সমূহের উল্লেখ থাকতে হবে, যথা : অনুরোধকারীর নাম, ঠিকানা, প্রযোজ্য ক্ষেত্রে ফ্যাক্স নম্বর এবং ই-মেইল ঠিকানা; যে তথ্যের জন্য অনুরোধ করা হয়েছে উহার নির্ভুল এবং স্পষ্ট বর্ণনা; অনুরোধকৃত তথ্যের অবস্থান নির্ণয়ের সুবিধার্থে অন্যান্য প্রয়োজনীয় প্রাসঙ্গিক তথ্যাবলী এবং কোন পদ্ধতিতে তথ্য পেতে আগ্রহী উহার বর্ণনা অর্থাৎ পরিদর্শন করা, অনুলিপি নেয়া, নোট নেয়া বা অন্য কোন অনুমোদিত পদ্ধতি। তথ্য প্রাপ্তির অনুরোধ কর্তৃপক্ষ কর্তৃক মুদ্রিত ফরমে বা ক্ষেত্রমত নির্ধারিত ফরমেট হতে হবে তবে ফরম মুদ্রিত বা সহজলভ্য না হলে কিংবা ফরমেট নির্ধারিত না হলে তথ্যাবলী সন্নিবেশ করে সাদা কাগজে বা রক্ষত্রমত ইলেক্টনিক মিডিয়া বা ই-মেইলেও তথ্য প্রাপ্তির জন্য অনুরোধ করা যাবে।

এই সকল প্রক্রিয়ার মাধ্যমে তথ্য জনগণের দোঁড়গোড়ায় প্রদান বা প্রকাশ পথ সহজসাধ্য হবে এবং জনগণ ফলপ্রসূ ও উপকৃত হবে।

(নূরুদ্দীন মুহাম্মদ শিবলী নোমান)
উপজেলা নির্বাহী অফিসার
চকরিয়া, কক্সবাজার।
☎ ০৩৪২২-৫৬০৫০